মেহেরপুরে ‘শততথ্যে জাতির পিতা’ শীর্ষক প্রকাশনার বিতরণ কার্যক্রমের উদ্বোধন

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে মুজিববর্ষে শত ঘন্টা মুজিবচর্চা উপলক্ষে মুজিব শতবর্ষে মেহেরপুর জেলার শিক্ষার্থীদের মাঝে ‘শততথ্যে জাতির পিতা’ শীর্ষক প্রকাশনার বিতরণ কার্যক্রম এর উদ্বোধন করা হয়েছে।

শনিবার দুপুরের দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জুমের মাধ্যমে শততথ্যে জাতির পিতা’ শীর্ষক প্রকাশনার বিতরণ কার্যক্রম এর উদ্বোধন করা হয়।
জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে জুমের মাধ্যমে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি এমপি। মুজিববর্ষে শতঘন্টা মুজিবচর্চা সম্মানিত অতিথি ও মুখ্য উপদেষ্টা জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এম.পি।

বিশেষ উপস্থিতি হিসেবে উপস্থিত ছিলেন, নড়াইল-২ আসনের সংসদ সদস্য মাশরাফি বিন মর্তুজা। জুমের মাধ্যমে আরও উপস্থিত ছিলেন, এসময় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ড.কামাল আবদুল নাসের চৌধুরী।

বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাইদুজ্জামান খোকন, খুলনা বিভাগের বিভাগীয় কমিশনার ইসমাইল হোসেন এনডিসি, পুলিশ সুপার এস এম মুরাদ আলি। অনুষ্ঠানে অন্যদের মধ্যে পিপি পল্লব ভট্টাচার্য, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের আহবায়ক প্রফেসর হাসানুজ্জামান মালেক প্রমূখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে “মুজিববর্ষে মুজিবচর্চার প্রাসঙ্গিকতা” শীর্ষক আলোচনা সভা

মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে মুজিববর্ষে শতঘন্টা মুজিব চর্চা শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
রবিবার সন্ধ্যায় মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ থেকে এ সভা অনুষ্ঠিত হয়।জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে জুমের মাধ্যমে অনুষ্ঠিত “মুজিববর্ষে মুজিবচর্চার প্রাসঙ্গিকতা” শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। প্রধান আলোচক হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন জাতীয় অধ্যাপক ও সভাপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি অধ্যাপক মোঃ রফিকুল ইসলাম।
জেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক অ্যাডঃ ইব্রাহীম শাহীন, পিপি পল্লব ভট্টাচার্য প্রমুখ।